# সম্প্রীতি

জুলাই,২০২১

"সামাজিক সংযোগ উন্নতিকরন প্রকল্প" এর কার্যক্রম সম্পর্কিত বুলেটিন। কক্সবাজারের উখিয়া এবং টেকনাফের রাজাপালং, হোয়াইকং, হ্নিলা ইউনিয়ন এবং রোহিঙ্গা ও স্থানীয়দের মধ্যে 'সামাজিক সংযোগ' উন্নয়নের লক্ষ্যে ইউএনএইচসিআর-এর সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।


**বিশ্ব শরণার্থী দিবস ২০২১ পালন**

## একসাথে সুস্থ হই, শিখি আর আলো ছড়াই




*RjwdKvi †nvmvBb kiYv_x w`em Dcj‡ÿ ‡iwn½v‡`i mv‡_ Av‡jvPbv Ki‡Q| Qwe- kvnRvnvb. 20.06.2021*

২০ শে জুন, ২০২১, ইউএনএইচসিআরের সহযোগিতায় কোস্ট ফাউন্ডেশন সামাজিক সংযোগ প্রকল্পের আওতায় "একসাথে সুস্থ হই, শিখি আর আলো ছড়াই" প্রতিপাদ্যকে সামনে রেখে ১৪ নং রোহিঙ্গা শিবির, কুতুপালং এবং হ্নিলায় বিশ্ব শরণার্থী দিবস ২০২১ পালন করে। এই উপলক্ষে তিনটি পৃথক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে রোহিঙ্গা শরণার্থী, যুব ক্লাবের সদস্য এবং সামাজিক সংযোগ কমিঠির সদস্যরা উপস্থিত ছিলেন। এই অংশগ্রহণমূলক আলোচনা সভায় বক্তাগন বিশ্ব শরণার্থী দিবস এর গুরুত্ব এবং রোহিঙ্গাদের নিজের দেশে ফিরে না যাওয়া পর্যন্ত সামাজিক সংহতির উন্নয়নে তাদের মতামত প্রদান করেন। বিশ্ব শরণার্থী দিবস ২০২১ উপলক্ষে ১৪ নং রোহিঙ্গা শিবির আয়োজিত আলোচনা সভায় রোহিঙ্গা যুবক সাইফুল্লাহ বলেন, "আমরা এখানে মায়ানমার সেনাবাহিনীর অত্যাচার থেকে বাঁচার জন্য এসেছি, আমাদের একদিন মায়ানমার ফিরে যেতে হবে। তবে আমরা আমাদের অধিকার চাই"। কুতুপালং উচ্চ বিদ্যালয়ে স্থানীয় যুবকদের সাথে আয়োজিত সভায় প্রত্যাশা ক্লাবের সাংগঠনিক সম্পাদক জনাব আবদুল খালেক বলেন, "আজ বিশ্ব বিপজ্জনকভাবে শরণার্থী সমস্যার মুখোমুখি হচ্ছে। ইউএনএইচসিআর-এর তথ্য অনুসারে পৃথিবীতে প্রতি ৯৫ জন লোক সংঘাত এর ফলে তাদের দেশ বা বাড়ি ছেড়ে অন্য দেশে পালিয়ে যেতে হচ্ছে। আমরা কখনই শরণার্থীর কষ্ট জানি বুঝতে পারি না। আমরা তাদের কষ্টের গল্পগুলো শুনতে চাই না। মানুষ হিসাবে আমাদের মানবিক দৃষ্টিকোণ থেকে সর্বদা তাদের পাশে দাঁড়ানো উচিত"। তিনি তার ক্লাব সদস্যদের রোহিঙ্গাদের কল্যাণে সামর্থ্য অনুযায়ী পাশে থাকার অনুরোধ জানান। তিনি বলেন, "বিশ্বজুড়ে কয়েক মিলিয়ন শরণার্থীর জন্য আমাদের কিছু করার সরাসরি সুযোগ নেই, তবে রোহিঙ্গাদের জন্য আমাদের কিছু করার সুযোগ রয়েছে। আমি আমার বন্ধুদের অনুরোধ করছি, দয়া করে রোহিঙ্গাদের সাথে আমাদের শান্তিপূর্ণ সহাবস্থান নিশ্চিত করুন"।



**"মায়ানমার সরকারের নির্যাতনের শিকার হয়ে রোহিঙ্গারা বাংলাদেশে আসে। একজন বাংলাদেশী হিসাবে আমার যেমন বাংলাদেশে সব অধিকার আছে, আমি মনে করি রোহিঙ্গাদেরও মায়ানমারে তাদের অধিকার ভোগ করার অধিকার থাকা উচিত। আর এই অধিকার প্রতিষ্ঠায় সকল দেশের এগিয়ে আশা উচিত"**

কুতুপালং উচ্চবিদ্যালয়ে প্রত্যাশা ক্লাবের সাথে বিশ্ব শরণার্থী দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তরুণ মহিলা নেত্রী ও প্রত্যাশা ক্লাবের সদস্য অর্পিতা বড়ুয়া বলেন,"মায়ানমার সরকার রোহিঙ্গাদের উপর নির্মম নির্যাতন চালায় এবং তারা তাদের জীবন রক্ষায় বাংলাদেশে পালিয়ে আসে। একজন বাংলাদেশী হিসাবে আমার যেমন বাংলাদেশে সব অধিকার আছে, আমি মনে করি রোহিঙ্গাদেরও মায়ানমারে তাদের অধিকার ভোগ করার অধিকার থাকা উচিত। আর এই অধিকার প্রতিষ্ঠায় সকল দেশের এগিয়ে আশা উচিত"। এই দিন বিশ জন ক্লাব সদস্য সভায় উপস্থিত ছিলেন।

## যুব ক্লাবের সাথে অর্ধ বার্ষিক পরিকল্পনা সভা

## "সামাজিক সম্প্রীতি উন্নয়নে যুবকদের আরো আন্তরিক হতে হবে"-আমান উল্লাহ, যুব নেতা




cZ¨vkv Gi mfvcwZ wgRvbi ingvb Kve‡i fwel¨r cwiK í bv wb‡q K_v ej‡Qb| Qwe-kvnRvnvb. 26.06.2021

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় ১৮, ২১ এবং ২৬ জুন, ২০২১ তারিখে উখিয়া এবং টেকনাফ উপজেলার তিন স্থানীয় ক্লাব সদস্যদের সাথে অর্ধ-বার্ষিক পরিকল্পনা সভার আয়োজন করে। সামাজিক দূরত্ব বজায় রেখে এবং কোভিট সংক্রমন রোধ ব্যবস্থা রেখে এই সভা আয়োজন করা হয়। সভার শুরুতে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন এর মাধ্যমে সভার উদ্দেশ্য, প্রকল্পের ক্রিয়াকলাপের অগ্রগতি এবং ক্লাবের সদস্যদের সাথে প্রকল্পের ভবিষ্যত কাজের পরিকল্পনা সহ বিভিন্ন বিষয়ে ধারণা প্রদান করা হয়। সভায় প্রতিটি ক্লাব তাদের ভবিষ্যতের সামাজিক কাজের পরিকল্পনা তুলে ধরেন। পাশাপাশি সামাজিক সংহতি উন্নয়নে তারা কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে সে বিষয়েও তুলে ধরা হয়। প্রকল্পের কর্মী এবং ক্লাবের উভয় সদস্যই চ্যালেঞ্জগুলি মোকাবেলা এবং এর সমাধানে করনীয় বিষয়ে একটি কর্মপরিকল্পনা করেন। সভায় লম্বাবিল ক্রীড়া পরিষদের সদস্য মোঃ জুবায়ের বলেন- এই জাতীয় সভা আমাদের ক্লাবের গতিশীলতা আরও বাড়িয়ে তুলবে। আমরা আমাদের ক্লাবের স্বেচ্ছাসেবী কাজের অংশ হিসাবে সামাজিক উন্নয়নের বিষয়টি আরো প্রচার করবো। প্রত্যাশা সভাপতি মিজানুর রহমান বলেন, "সমাজের সম্প্রীতি, শান্তি ও উন্নয়নে যুবকরা কার্যকরী ভূমিকা নিতে পারে। বর্তমানে মাদক পাচার ও ইয়াবা পাচারে কিছু যুবকের জড়িত থাকার কারণে বিভিন্ন অপরাধমূলক কর্মকান্ড বৃদ্ধির পাশাপাশি সামাজিক সম্প্রীতি নষ্ট হচ্ছে। তাদেরকে সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতে যুব সমাজকে বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।

### কাজের লক্ষ্যমাত্রা ও অর্জন, জুন ২০২১

| কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| বিশ্ব শরণার্থী দিবস ২০২১ পালন | ১ | ১ |
| যুব নেতৃত্ব ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা প্রশিক্ষণ | ১ ব্যাচ | ১ ব্যাচ |
| যুব ক্লাবের সাথে অর্ধ বার্ষিক পরিকল্পনা সভা | ৩ | ৩ |

## যুব নেতৃত্ব ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

## যুব ক্লাবগুলোকে আরো শক্তিশালী ও সামাজিক পরিবর্তনে অবদান রাখতে হবে

কোস্ট ফাউন্ডেশন ইউএনএইচসিআর এর সহযোগিতায় ২৪ শে জুন ২০২১ তারিখে দমদমিয়া যুব কল্যাণ সমিতির যুবকদের সাথে যুব নেতৃত্ব ও দ্বন্দ্ব ব্যবস্থাপনা, সামাজিক সংহতি এবং মানবাধিকার বিষয়ক এক দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করে । ক্লাব সদস্যদের নেতৃত্বের সক্ষমতা জোরদার করতে এবং যে কোন ধরণের সংঘাত সমাধানের জন্য দমদমিয়া যুব কল্যাণ সমিতির যুবকদের ভূমিকা রাখতে করণীয় বিষয় সম্পর্কে ধারণা পেতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। নেতৃত্ব, দ্বন্দ্ব ব্যবস্থাপনা, সামাজিক সংহতি এবং মানবাধিকার বিষয়ক প্রশিক্ষণে দমদমিয়া যুব কল্যাণ সমিতির মোট ২২ জন প্রভাবশালী যুবক অংশ নেন। অংশগ্রহণকারীরা সামাজিক সংহতি এবং শান্তিপূর্ণ সহাবস্থানের গুরুত্ব নিয়ে সচেতন হয় এবং উভয় জনগোষ্ঠীর মধ্যে সম্ভাব্য বিরোধ নিষ্পত্তি নিয়ে সাধারন মানুষদের মধ্যে সচেতনতা বৃদ্ধিতে কাজ করতে সম্মত হয়েছে।

প্রয়োজনে আরো তথ্য ও যোগাযোগের জন্য

কোস্ট ফাউন্ডেশন কক্সবাজার কেন্দ্র, ফোন:০৩৪১-৬৩১৮৬, মোবাইল:০১৭১৩-৩২৮৮২৭

ইমেইল: Jahangir.coast@gmail.com, ওয়েবসাইড: www.coastbd.net